**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**জাতীয় রাজস্ব বোর্ড**
**ঢাকা।**

**[ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক ]**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৭ জ্যৈষ্ঠ, ১৪৩০ বঙ্গাব্দ / ২১ মে, ২০২৩ খ্রিষ্টাব্দ।

**এস,আর,ও নং-১৩৫-আইন/২০২৩/২১২-মূসক।-** মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১৩৫ এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত বিধিমালার -

(১) বিধি ২ এর উপ-বিধি (১) এর-

(ক) দফা (গ) এ উল্লিখিত "কমিশনার" শব্দের পরিবর্তে "বিভাগীয় কর্মকর্তা" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(খ) দফা (ঢ) এ উল্লিখিত "কমিশনারকে" শব্দের পরিবর্তে "বিভাগীয় কর্মকর্তাকে" এবং "কমিশনার" শব্দের পরিবর্তে "বিভাগীয় কর্মকর্তা" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; এবং

(গ) দফা (থ) এ উল্লিখিত "কমিশনার" শব্দের পরিবর্তে "বিভাগীয় কর্মকর্তা" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(২) বিধি ১৩ এর উপ-বিধি (২) এর দফা (ক) এর উপ-দফা (অ) এর পরিবর্তে নিম্নরূপ উপ-দফা (অ) প্রতিস্থাপিত হইবে, যথা:-

"(অ) সকল বকেয়া, যদি থাকে, আবেদনকারীকে উহার হালনাগাদ পরিস্থিতি অবহিত করিবেন, এবং";

(৩) বিধি ২৯ এর-

(ক) শিরোনামে উল্লিখিত “ব্যাংকিং ব্যবস্থার” শব্দগুলির পরিবর্তে “ব্যাংকিং বা মোবাইল ব্যাংকিং ব্যবস্থার” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(খ) উপ-বিধি (১) এ উল্লিখিত “ব্যাংকিং মাধ্যম” শব্দগুলির পরিবর্তে “ব্যাংকিং বা মোবাইল ব্যাংকিং মাধ্যম” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(গ) উপ-বিধি (২) এ উল্লিখিত “ব্যাংকিং দলিল” শব্দগুলির পরিবর্তে “ব্যাংকিং বা মোবাইল ব্যাংকিং দলিল” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; এবং

(ঘ) উপ-বিধি (৩) এ উল্লিখিত “ব্যাংকিং দলিল” শব্দগুলির পরিবর্তে “ব্যাংকিং বা মোবাইল ব্যাংকিং দলিল” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(৪) বিধি ৪৫ এর-

(ক) উপ-বিধি (২) এর দফা (খ) এর-

(১) উপ-দফা (আ) এর পরিবর্তে নিম্নরূপ উপ-দফা (আ) প্রতিস্থাপিত হইবে, যথা:-

“(আ) এক্সপোর্ট জেনারেল মেনিফেস্ট (প্রযোজ্য ক্ষেত্রে) এর কপি।”;

(২) উপ-দফা (ই) বিলুপ্ত হইবে;

(খ) উপ-বিধি (৩) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৩) প্রতিস্থাপিত হইবে, যথা:-

“(৩) উপ-বিধি (১) ও (২) এ বর্ণিত শর্তাবলী পূরণ করা হইলে উক্ত আবেদন প্রাথমিকভাবে গৃহীত হইবে; তবে উক্ত আবেদনের ভিত্তিতে কমিশনার কর্তৃক আংশিক বা সমুদয় হ্রাসকারী সমন্বয় সাধনের অনুমোদন বিবেচনার লক্ষ্যে বৈদেশিক মুদ্রা প্রত্যাবাসন সনদ (Proceed Realization Certificate-PRC) এর কপি দাখিল করিতে হইবে এবং কমিশনার যে কর মেয়াদে বা

মেয়াদসমূহে সমন্বয় সাধন করা যাইবে উহা উল্লেখপূর্বক অনুমতি প্রদান করিয়া আবেদনকারীকে লিখিতভাবে অবহিত করিবেন।" এবং

(গ) উপ-বিধি (৪) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৪) প্রতিস্থাপিত হইবে, যথা:-

"(৪) উপ-বিধি (৩) এর বিধানাবলী পরিপালন করা হইলে কমিশনার আবেদন প্রাপ্তির ১৫ (পনের) দিনের বা উক্ত বিধানাবলী পরিপালনের ১৫ (পনের) দিনের মধ্যে উক্ত আবেদনের উপর সিদ্ধান্ত প্রদান করিবেন।";

(৫) বিধি ৪৯ এর উপ-বিধি (১) এর পর নিম্নরূপ নূতন উপ-বিধি (১ক) সন্নিবেশিত হইবে, যথা:-

"(১ক) উপ-বিধি (১) এ বর্ণিত কারণ ব্যতীত অন্য যেকোনো কারণে যেমন: নির্ধারিত সময়ের মধ্যে হ্রাসকারী সমন্বয় বা রেয়াত গ্রহণের ব্যর্থতার ক্ষেত্রে দাখিলপত্র সংশোধন করা যাইবে না।";

(৬) বিধি ৬১ এর-

(ক) উপ-বিধি (৫) এ উল্লিখিত "৩ (তিন)" সংখ্যা, শব্দ ও বন্ধনীর পরিবর্তে "৫ (পাঁচ)" সংখ্যা, শব্দ ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে এবং "কমিশনার" শব্দের পর "বা মহাপরিচালক" শব্দগুলি সন্নিবেশিত হইবে;

(খ) উপ-বিধি (৫) এর পর নিম্নরূপ নূতন উপ-বিধি (৫ক) সন্নিবেশিত হইবে, যথা:-

"(৫ক) কমিশনার বা মহাপরিচালক জব্দকৃত রেকর্ড, দলিলাদি ও পণ্যের প্রকৃতি বিবেচনায় উপ-বিধি (৫) এ বর্ণিত চূড়ান্ত প্রতিবেদন দাখিলের জন্য অতিরিক্ত ৩০ (ত্রিশ) দিন পর্যন্ত সময় বর্ধিত করিতে পারিবেন।"; এবং

(গ) উপ-বিধি (৬) এ উল্লিখিত "কমিশনার" শব্দের পর "বা মহাপরিচালক" শব্দগুলি সন্নিবেশিত হইবে;

(৭) বিধি ৬৫ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ৬৫ প্রতিস্থাপিত হইবে, যথা:-

**“৬৫। কর নির্ধারণ ও জরিমানা আরোপের পদ্ধতি।**– (১) ধারা ৭৩ অনুযায়ী কর নির্ধারণ এবং ধারা ৮৫ অনুযায়ী জরিমানা আরোপের লক্ষ্যে ধারা ৭৩ ও ধারা ৮৬ এ উল্লিখিত যথোপযুক্ত কর্মকর্তা ফরম “মূসক-১২.১২” এ প্রাথমিক কারণ দর্শানো নোটিশ জারি করিবেন।

(২) ধারা ৮৫ এর উপ-ধারা (১) এ বর্ণিত কর ফাঁকি সংক্রান্ত ব্যর্থতা ব্যতীত অন্য যেকোনো ধরণের ব্যর্থতা বা অনিয়মের জন্য সহকারী কমিশনার পদমর্যাদার নিম্নে নহেন এইরূপ কোনো মূসক কর্মকর্তা ফরম “মূসক-১২.১২” এ প্রাথমিক কারণ দর্শানো নোটিশ জারি করিবেন।

(৩) ধারা ৮৫ এর উপ-ধারা (২) এর মর্মানুযায়ী কোনো অনিয়ম সংঘটিত হইলে সহকারী কমিশনার পদমর্যাদার নিম্নে নহেন এইরূপ কোনো মূসক কর্মকর্তা ফরম “মূসক-১২.১২” এ প্রাথমিক কারণ দর্শানো নোটিশ জারি করিবেন এবং সেইক্ষেত্রে অন্যূন ১০ (দশ) হাজার এবং অনূর্ধ্ব ১ (এক) লক্ষ টাকা জরিমানা আরোপিত হইবে।

(৪) প্রযোজ্য ক্ষেত্রে, ফরম “মূসক-১২.১২” এ উল্লিখিত তথ্যের অতিরিক্ত তথ্য চাহিয়া ও সন্নিবেশ করিয়া কারণ দর্শানো নোটিশ জারি করা যাইবে।

(৫) ফরম “মূসক-১২.১২” এর মাধ্যমে জারীকৃত প্রাথমিক কারণ দর্শানো নোটিশ ও ফরম “মূসক-১২.১৩” এর মাধ্যমে নোটিশ চূড়ান্তকরণের লক্ষ্যে ধারা ৭৩ এর উপ-ধারা (২) এ বর্ণিত বিধান অনুসরণ করিতে হইবে।

(৬) কারণ দর্শানো নোটিশের জবাব প্রাপ্তির পর যথোপযুক্ত কর্মকর্তা ফরম “মূসক-১২.১৩” এ কর নির্ধারণ ও জরিমানা আরোপের চূড়ান্ত আদেশ জারি করিবেন।

(৭) প্রযোজ্য ক্ষেত্রে, ফরম “মূসক-১২.১৩” এ উল্লিখিত তথ্যের অতিরিক্ত তথ্য সন্নিবেশ করিয়া চূড়ান্ত আদেশ জারি করা যাইবে।

(৮) নির্ধারিত সময়ের মধ্যে কারণ দর্শানো নোটিশের জবাব পাওয়া না গেলে যথোপযুক্ত কর্মকর্তা প্রাপ্ত দলিলাদির ভিত্তিতে কর নির্ধারণ ও জরিমানা আরোপ করিয়া আদেশ জারি করিতে পারিবেন।”;

(৮) ফরম “মূসক-১১.১” এ উল্লিখিত “১০,০০০.০০ (দশ হাজার) টাকা” সংখ্যাগুলি, শব্দগুলি ও চিহ্নগুলির পরিবর্তে “৫,০০০.০০ (পাঁচ হাজার) টাকা” সংখ্যাগুলি, শব্দগুলি ও চিহ্নগুলি প্রতিস্থাপিত হইবে;

(৯) ফরম “মূসক-১২.৯” এ উল্লিখিত “ইহার পর যদি ......... দিনের মধ্যে উক্ত কর পরিশোধ না করা হয়, তা হইলে উক্ত অপরিচলনকৃত একাউন্টে জমাকৃত অর্থ বা বর্ণিত পাওনা আদায়ে জন্য উহার যতটুকু প্রয়োজন ততটুকু ......... হিসাব কোডে সরকারি কোষাগারে জমা করিবেন এবং অত্র পরোয়ানা কার্যকরী করার অব্যবহিত পরই পরোয়ানা অনুযায়ী আপনি যাহা করিয়াছেন এবং যে পাওনা টাকা আদায় হইয়াছে তাহার বিস্তারিত উল্লেখ করিয়া আরেকটি প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারী বরবার প্রেরণ করিবেন।” শব্দগুলি ও চিহ্নগুলি বিলুপ্ত হইবে;

(১০) ফরম "মূসক-১২.১২" এর পরিবর্তে নিম্নরূপ ফরম "মূসক-১২.১২" প্রতিস্থাপিত হইবে, যথা:-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মূসক-১২.১২**

জাতীয় রাজস্ব বোর্ড

কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট

.................................

**কারণ দর্শানো নোটিশ**

[বিধি ৬৫ দ্রষ্টব্য]

স্মারক নং- তারিখ:

সূত্র:

(ক) সংশ্লিষ্ট ব্যক্তির নাম, ঠিকানা ও ব্যবসায় শনাক্তকরণ সংখ্যা (যদি থাকে):

(খ) কর ফাঁকি বা কর পরিহার বা ব্যর্থতা বা অনিয়মের ধরণ ও বিবরণ:

(গ) কর ফাঁকি বা কর পরিহার বা অনিয়মের কারণে লংঘিত ধারা, বিধি বা তদধীনে প্রণীত বিধান:

(ঘ) কর নির্ধারণ (প্রযোজ্য ক্ষেত্রে) ও জরিমানা আরোপের ধারা, বিধি:

(ঙ) ফাঁকি প্রদত্ত বা পরিহারকৃত করের পরিমাণ (প্রযোজ্য ক্ষেত্রে):

(চ) কারণ দর্শানো নোটিশের জবাব প্রদানের শেষ তারিখ:

(ছ) সংশ্লিষ্ট ব্যক্তি ব্যক্তিগত শুনানি দিতে আগ্রহী কিনা?

(জ) নির্ধারিত সময়ে জবাব পাওয়া না গেলে প্রাপ্ত দলিলাদির ভিত্তিতে কর নির্ধারণ ও জরিমানা আরোপের আদেশ প্রদান করা হইবে মর্মে অবহিতকরণ:

(ঝ) অন্যান্য তথ্য:

যথোপযুক্ত কর্মকর্তার স্বাক্ষর:

নাম:

পদবি:

ফোন:

ই-মেইল:

কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ...........

স্মারক নং- তারিখ:

প্রাপক:

...........

(১১) ফরম "মূসক-১২.১৩" এর পরিবর্তে নিম্নরূপ ফরম "মূসক-১২.১৩" প্রতিস্থাপিত হইবে, যথা:-

**মূসক-১২.১৩**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট
.................................

**কর নির্ধারণ ও জরিমানা আরোপের চূড়ান্ত আদেশ**

[বিধি ৬৫ দ্রষ্টব্য]

স্মারক নং- তারিখ:

সূত্র:

(ক) সংশ্লিষ্ট ব্যক্তির নাম, ঠিকানা ও ব্যবসায় শনাক্তকরণ সংখ্যা (যদি থাকে):

(খ) কর ফাঁকি বা কর পরিহার বা ব্যর্থতা বা অনিয়মের ধরণ ও বিবরণ:

(গ) কর ফাঁকি বা কর পরিহার বা অনিয়মের কারণে লংঘিত ধারা, বিধি বা তদধীনে প্রণীত বিধান:

(ঘ) কর নির্ধারণ (প্রযোজ্য ক্ষেত্রে) ও জরিমানা আরোপের ধারা, বিধি:

(ঙ) ফাঁকি প্রদত্ত বা পরিহারকৃত করের পরিমাণ (প্রযোজ্য ক্ষেত্রে):

(চ) কারণ দর্শানো নোটিশের জবাব:

(ছ) ব্যক্তিগত শুনানিতে দেওয়া বক্তব্য (প্রযোজ্য ক্ষেত্রে):

(জ) সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক প্রদত্ত জবাব বিশ্লেষণ/পর্যালোচনা:

(ঞ) বিশ্লেষণ/পর্যালোচনার ফলাফল:

(ট) আদেশ:

(ঠ) কর নির্ধারণ ও জরিমানা আরোপ করা হইলে উক্ত কর ও জরিমানা জমা প্রদানের জন্য প্রযোজ্য অর্থনৈতিক কোড, সময় ও জমা প্রদানের পদ্ধতি:

(ড) আদেশে কোন পক্ষ সংক্ষুব্ধ হইলে আপিলের স্থান, সময় ও পদ্ধতি:

(ঢ) অন্যান্য তথ্য:

যথোপযুক্ত কর্মকর্তার স্বাক্ষর:
নাম:
পদবি:
ফোন:
ই-মেইল:
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ................

স্মারক নং- তারিখ:

প্রাপক:...........

(১২) ফরম "মূসক-১৪.১" এর-

(ক) অনুচ্ছেদ ০৪ এ উল্লিখিত "উল্লেখ্য যে, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর অধীন এই সার্টিফিকেটের বিরুদ্ধে আপিল করিবার বা আপত্তি উত্থাপনের অধিকার আপনার রহিয়াছে।" শব্দগুলি, সংখ্যাগুলি ও চিহ্নগুলি বিলুপ্ত হইবে; এবং

(খ) অনুচ্ছেদ ০৫ এর পরিবর্তে নিম্নরূপ অনুচ্ছেদ ০৫ প্রতিস্থাপিত হইবে, যথা:-

"০৫। বকেয়া করের উপর মাসিক ১% হারে সুদ আরোপিত হইয়াছে এবং আইনের ধারা ১২৭ অনুযায়ী উহা অব্যাহত থাকিবে।"

(১৩) ফরম "মূসক-১৪.২" এ উল্লিখিত "রাষ্ট্রের নিকট উক্ত জনাব/মেসার্স ..................... পাওনা" এন্ট্রিসমূহের পরিবর্তে "রাষ্ট্রের নিকটে উক্ত জনাব/মেসার্স ..................... এর পাওনা" এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে।

২। এই প্রজ্ঞাপন ০১ জুলাই, ২০২৩ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে।

**জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,**

**( জাকিয়া সুলতানা )**
**সদস্য ( মূসক নীতি )**